

রাজশাহী বিশ্ববিদ্যালয়
এম.ফিল / পিএইচ.ডি কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি
শিক্ষাবর্ষ : ২০০৯-২০১০

নং এ-৮৮(১৫০)-৪/৫৬ (২০০৯-২০১০)

তারিখ : ০৮.০২.২০০৯

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে এম.ফিল/পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে-

বিভাগে সরবরাহকৃত প্রাথমিক আবেদনপত্রের নমুনা অনুযায়ী আবেদনকারীকে আগামী ৩১.০৩.২০০৯ তারিখের মধ্যে আবেদন জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

আবেদনপত্রের সাথে সকল পরীক্ষার সনদপত্র, মার্কস সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি ও রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে সর্বশেষ ডিগ্রী প্রাপ্ত আবেদনকারীকে রেজিস্ট্রেশনের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। তবে, যারা অন্য বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হয়েছেন তাঁদেরকে অবশ্যই ভর্তির পর মাইগ্রেশন সার্টিফিকেট জমা দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে।

এম.ফিল কোর্সে গবেষণারত অবস্থায় বিশ্ববিদ্যালয় থেকে প্রতি বিভাগে ১ (এক) জনকে মাসিক ১,৫০০/- (এক হাজার পাঁচশত মাত্র) টাকা হারে ২(দুই) বছরের জন্য ফেলোশীপ প্রদান করা হয়। বিভাগে পিএইচ.ডি কোর্সে গবেষণার জন্য বিশ্ববিদ্যালয় হতে কোন ফেলোশীপ প্রদান করা হয় না।

এম.ফিল/পিএইচ.ডি কোর্সে গবেষণারত চাকুরীজীবীদের বিশ্ববিদ্যালয় হতে কোনও প্রকার ফেলোশীপ প্রদান করা হয় না। তবে, ফেলোশীপ ছাড়াও এম.ফিল/পিএইচ.ডি কোর্সে গবেষণা করা যাবে।

চাকুরীরত প্রার্থীকে এম.ফিল কোর্সে গবেষণার জন্য ১ (এক) বছর এবং পিএইচ.ডি'র জন্য ২ (দুই) বছরের ছুটি পাবেন মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট থেকে সম্মতিপত্র অবশ্যই আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

ক) এম.ফিল কোর্সে ভর্তির যোগ্যতা

- ১) আবেদনকারীর অবশ্যই এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জি.পি.এ ৩.০০ থাকতে হবে।
 - ২) কলা/আইন/সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বি.এ/বি.এস.এস/এল.এল.বি (অনার্স) এবং এম.এ/এম.এস.এস/এল.এল.এম পরীক্ষার যে-কোন একটিতে ন্যূনতম ৫৫% ও অন্যটিতে ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে অথবা উভয় পরীক্ষার একটিতে ন্যূনতম সি.জি.পি.এ ৩.২৫ ও অন্যটিতে ন্যূনতম সি.জি.পি.এ ৩.০০ থাকতে হবে।
- অথবা, বিজ্ঞান/জীব ও ভূ-বিজ্ঞান/কৃষি অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বি.এস-সি/বি.এস-সি এজি (অনার্স)/সমমান এবং এম.এস-সি/সমমান পরীক্ষার যে-কোন একটিতে ন্যূনতম ৫৫% ও অন্যটিতে ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে অথবা উভয় পরীক্ষার একটিতে ন্যূনতম সি.জি.পি.এ ৩.২৫ এবং অন্যটিতে ন্যূনতম সি.জি.পি.এ ৩.০০ থাকতে হবে।
- অথবা, বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে বিবিএ (অনার্স) ও এম.বি.এ পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে যে-কোন একটিতে সি.জি.পি.এ ন্যূনতম ৩.২৫ ও অন্যটিতে সি.জি.পি.এ ন্যূনতম ৩.০০ থাকতে হবে অথবা বিকম/বিবিএস (অনার্স) ও এমকম/এমবিএস পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে যে-কোন একটিতে ন্যূনতম ৫৫% এবং অন্যটিতে ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে।
- অথবা, এমবিবিএস/বিডিএস/ব্যাচেলর অব ইউনানী মেডিসিন এন্ড সার্জারী/ডিভিএম/ব্যাচেলর অব আয়ুর্বেদিক মেডিসিন ও সার্জারী/এম.এস-সি (ইঞ্জিনিয়ারিং)/সমমান পাশ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম ৫৫% নম্বর অথবা সমমান জি.পি.এ থাকতে হবে।
- ৩) যে সকল প্রার্থী উপরে বর্ণিত ২ এর শিক্ষাগত যোগ্যতার কোন একটি শর্ত পূরণ করেন না, তাঁরা এম.ফিল প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন, যদি তাঁদের ডিগ্রী পর্যায়ে ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা/কোন স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৪(চার) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে কোন স্বীকৃত জার্নালে ন্যূনতম ২টি গবেষণা নিবন্ধ প্রকাশিত হয়ে থাকে/গৃহিত হয়ে থাকে। তবে, শিক্ষা জীবনের কোন পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণী/সিজিপিএ ২.৫০ এর কম থাকলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

খ) পিএইচ.ডি কোর্সে ভর্তির যোগ্যতা

আবেদনকারীকে অবশ্যই এম.ফিল/সমমান ডিগ্রী প্রাপ্ত হতে হবে। তবে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ পিএইচ.ডি কোর্সে রেজিস্ট্রেশনের জন্য সরাসরি প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

অথবা, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ব্যতীত আবেদনকারীর উপর্যুক্ত (ক-এর ১ ও ২ এ বর্ণিত) এম.ফিল কোর্সে ভর্তির যোগ্যতা যদি থাকে এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/সরকারী বৃত্তি অর্জন করে থাকেন; কেবলমাত্র তাঁরাই পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য প্রাথমিক আবেদন করতে পারবেন।

অথবা, উপরে বর্ণিত (ক) এর (১) ও (২) উপধারার শিক্ষাগত যোগত্যাঁসহ ডিগ্রী পর্যায়ে ৫ (পাঁচ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা/কোন স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৬ (ছয়) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে কোন স্বীকৃত জার্নালে ন্যূনতম ৩টি গবেষণা নিবন্ধ প্রকাশিত/গৃহীত হয়ে থাকলে প্রার্থী পিএইচ.ডি প্রোগ্রামে ভর্তি হতে পারবেন। তবে, শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী/সিজিপিএ ২.৫০ এর কম থাকলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

আগ্রহী প্রার্থীগণকে সংশ্লিষ্ট বিভাগ হতে এম.ফিল/পিএইচ.ডি কোর্সে ভর্তি সংক্রান্ত অন্যান্য শর্তাবলী নিজ নিজ দায়িত্বে জেনে নিতে হবে।

আদেশক্রমে,

(প্রফেসর ড. মোহাম্মদ শাফি)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী বিশ্ববিদ্যালয়